

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৮৯

৩৬/ ফিতনা (ﷺ کتاب الفتن عن رسول الله) পরিচ্ছেদঃ পশ্চিম দিকে সূর্যোদয়।

باب ما جاء في طلوع الشمس من مغربها

আরবী

حَدَّثَنَا هَنَادٌ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَة ، عَنِ الأَعْمَشِ، عَنْ إِبْرَاهِيمَ التَّيْمِيّ ، عَنْ أَبِيهِ قَالَ " يَا قَالَ دَخَلْتُ اللّهُ عَلِيه وسلم جَالِسٌ فَقَالَ " يَا أَبَا ذَرِّ أَتَدْرِي أَيْنَ تَذْهَبُ هَذِهِ " . قَالَ قُلْتُ اللّهُ وَرَسُولُهُ أَعْلَمُ . قَالَ " فَإِنَّهَا تَذْهَبُ تَسْتَأْذِنُ أَبَا ذَرِّ أَتَدْرِي أَيْنَ تَذْهَبُ مَنْ مَغْرِبِهَا " . فِي السُّجُودِ فَيُؤْذَنُ لَهَا وَكَأَنَّهَا قَدْ قِيلَ لَهَا اطْلُعِي مِنْ حَيْثُ جِئْتِ فَتَطْلُعُ مِنْ مَغْرِبِهَا " . قَالَ ثُمَّ قَرَأً " وَذَلِكَ مُسْتَقَرٌ لَهَا " . قَالَ وَذَلِكَ قِرَاءَةُ عَبْدِ اللّهِ بْنِ مَسْعُودٍ . قَالَ أَبُو عِيسَى قَالَ ثُمَّ قَرَأً " وَذَلِكَ مُسْتَقَرُ لَهَا " . قَالَ وَدُلِكَ قِرَاءَةُ عَبْدِ اللّهِ بْنِ مَسْعُودٍ . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ صَفْوَانَ بْنِ عَسَّالٍ وَحُذَيْفَةَ بْنِ أَسِيدٍ وَأَنَسٍ وَأَبِي مُوسَى . وَهَذَا حَدِيثُ حَسَنٌ صَحْيِحٌ .

বাংলা

২১৮৯. হারাদ (রহঃ) আবূ যার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, সূর্য ডুবে যওয়ার সময় আমি মসজিদে এসে ঢুকলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন উপবিষ্ট ছিলেন। তিনি বললেনঃ হে আবূ যার, তুমি কি জানো কোথায় যায় এই সূর্য? আমি বললামঃ আল্লাহ ও তাঁর রাসূলই ভাল জানেন। তিনি বললেনঃ আল্লাহর হুকুমে সিজদার অনুমতি প্রার্থনার উদ্দেশ্যে এটি যায়। এরপর তাকে অনুমতি প্রদান করা হয় এবং তাকে যেন বলা হয়, যেদিক থেকে তুমি এসেছ সেদিক থেকেই তুমি উদিত হও। তারপর এটি পশ্চিম দিক থেকে উদিত হবে।

আবৃ যারর রাদিয়াল্লাহু আনহু বললেনঃ এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পাঠ করলেনঃ لَوَذَلِكَ مُسْتَقَرُ لَهَا कर्ना আর এ হচ্ছে তার অবস্থান স্থল। বর্ণনাকারী বলেন, এ হল ইবন মাসউদ রাদিয়াল্লাহু আনহু-এর কিরাআত। সহীহ, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২১৮৬ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে সাফওয়ান ইবন আসসাল, হুযায়ফা ইবন আসীদ, আনাস ও আবূ মূসা রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। এ হাদীসটি হাসান-সহীহ।



English

Abu Dharr said:

"I entered the Masjid at sunset, and the Prophet(s.a.w) was sitting. He said: 'O Abu Dharr! Do you know where this(sun) goes?' I said:'Allah and His Messenger know better.' He said: 'Indeed it goes to seek permission to prostrate, so it is permitted. And it is as if it has been said to it: "Rise from whence you came." So it shall rise from its setting place.' Then he recited: 'That is its fixed course."' He said: "That is the recitation of 'Abdulla bim Mas'ud."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু যার আল-গিফারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন